

■ অধ্যায়-০১ ■ কর ব্যবস্থার তত্ত্ব

✓ ১.১ কর ব্যবস্থার ভূমিকাঃ

✓ ১.২ করের শ্রেণিবিভাগঃ

■ অধ্যায়-০২ ■ ব্যবসায়ের কর ব্যবস্থার ভূমিকাঃ

■ অধ্যায়-০৩ ■ আয় কর

✓ ৩.১ আয় করের ভূমিকা

✓ ৩.২ আয় কর কর্তৃপক্ষ

✓ ৩.৩ আয় কর চার্জ

✓ ৩.৪ মোট আয় নির্ণয়

✓ ৩.৫ আয় কর নির্ণয় পদ্ধতি

✓ ৩.৬ বিনিয়োগ ভাতা বা কর রেয়াত

✓ ৩.৭ কর প্রদান, আদায় ও ফেরত

✓ ৩.৮ একক ব্যক্তির কর নির্ণয়

✓ ৩.৯ অংশীদারি ফার্মের কর নির্ণয়

✓ ৩.১০ কোম্পানির কর নির্ণয়

✓ ৩.১১ কোম্পানির কর রেয়াত

✓ ৩.১২বিবিধ ইস্যু

■ অধ্যায়-০৪ ■ বাংলাদেশের অন্যান্য কর

✓ ৪.১ মূল্য সংযোজন কর(মুসক)

✓ ৪.২ কাষ্টম ডিউটি

E-book Taxation In Bangladesh

আয়কর নির্দেশিকাঃ ২০২৪-২০২৫

■ অধ্যায়-০১ ■ কর ব্যবস্থার তত্ত্ব ■ পার্ট-এ

* কর কী?

✍ কর (Tax) হলো সরকারের কাছে নাগরিকদের অর্থ প্রদানের একটি বাধ্যতামূলক ব্যবস্থা, এর মাধ্যমে সরকার দেশের উন্নতির জন্য নাগরিকদের কাছ থেকে অর্থ সংগ্রহ করে। সরকারি আয়ের প্রধান উৎস হলো কর রাজস্ব বাবদ সংগৃহীত অর্থ।

* অর্থ আইন কী?

✍ সরকার প্রতি বছর করের হার, ন্যূনতম কর সীমা, কর অব্যাহতি ও আয়কর ব্যবস্থার পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের জন্য যে আইন প্রণয়ন করেন, তা অর্থ আইন নামে পরিচিত।

* ফি কী?

✍ সরকার একটি বিশেষ সেবা বা সুবিধা দানের মাধ্যমে যে অর্থ আদায় করে তা ফি হিসেবে পরিচিত। যেমনঃ লাইসেন্স নবায়ণ ফি, কোর্ট ফি, রেজিস্ট্রেশন ফি।

* করঘাত কী?

✍ পণ্য উৎপাদনকারি, ক্রয়-বিক্রয়কারি বা আমদানিকারক কর্তৃক প্রথমিক ভাবে পরিশোধিত কর পরবর্তীতে ভোক্তা বা ব্যবহারকারী থেকে আদায় করেন, তাকে করঘাত বলা হয়। অথবা, কর ধার্যের প্রাথমিক বা শুরুর দিকে, করের দায় যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর ধার্য হয়, তাকে করঘাত বলা হয়। এক্ষেত্রে প্রাথমিক ভাবে কর প্রদান করলেও পরবর্তীতে অন্যদের থেকে আদায় সম্ভব।

* করপাত কী?

✍ কর সঞ্চালনের সর্বশেষ ধাপে, কর দায় যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর ধার্য হয়, তাকে করপাত বলা হয়। এই ক্ষেত্রে পণ্য বা সেবার ব্যবহারকারিকে সম্পূর্ণ কর দায় পরিশোধ করতে হয়।

* কর সঞ্চালন কী?

✍ পণ্য উৎপাদনকারি, ক্রয়-বিক্রয়কারি বা আমদানিকারক কর্তৃক প্রথমিক ভাবে পরিশোধিত কর পরবর্তীতে অন্যদের উপর এই করের দায়ভার স্থানান্তর বা সঞ্চালন করার প্রক্রিয়াকে কর সঞ্চালন।

* প্রত্যক্ষ কর কী?

✍ যে কর দায় যার উপর ধার্য করা হয়, সে ব্যক্তি বা প্রতিষ্ঠানকেই সরাসরি এই কর পরিশোধ করতে হয় এবং তা অন্যের উপর সঞ্চালন করার সুযোগ থাকে না, তাকে প্রত্যক্ষ কর বলে।

* পরোক্ষ কর কী?

✍ যে কর দায় পরবর্তীতে অন্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর চাপিয়ে বা সঞ্চালন করা যায়, তাকে পরোক্ষ কর বলে।

১২ টি অংক শিখুন-নিশ্চিত সব কমন

অংকের ভিডিও পেতে ম্যাসেজ করুন WhatsApp-01761613444

Instructor
Arefin Jibon
CEO of bbalife.net(Online Educational Platform)

Page
02

E-book Taxation In Bangladesh

আয়কর নির্দেশিকাঃ২০২৪-২০২৫

■ অধ্যায়-০২ ■ ব্যবসায়ে কর ব্যবস্থার ভূমিকা ■ পার্ট-এ

* কর অবকাশ কী?

✍ নতুন শিল্প প্রতিষ্ঠান বা নির্দিষ্ট শ্রেণির প্রতিষ্ঠান কে আয় কর কর্তৃপক্ষ নির্দিষ্ট সময় বা মেয়াদ পর্যন্ত কর অব্যাহতি দেয়, কর অব্যাহতি প্রাপ্ত এই সময় কালকে কর অবকাশ বলে।

* প্রগতিশীল কর কী?

✍ যার আয় বেশি তার করের হারও বেশি, যার আয় কম তার করের হারও কম, এই ব্যবস্থাকে বলা হয় প্রগতিশীল কর ব্যবস্থা।

* জরিমানা কী?

✍ করদাতা যদি কর নির্ণয়ে ভুল করে কর কম নির্ধারন করেন বা নির্দিষ্ট সময়ের মধ্যে কর পরিশোধ না করেন, তাহলে কর কর্তৃপক্ষ অতিরিক্ত যে অর্থ আদায় করেন, তা জরিমানা হিসেবে গণ্য হবে।

* আয়কর কোন ধরনের কর, কে পরিশোধ করবে?

✍ আয়কর প্রত্যক্ষ কর, এটি যার উপর ধার্ষ্য হবে, তাকেই পরিশোধ করতে হবে।

* প্রকৃত করদাতা কে?

✍ যে সকল করদাতা কর পরিশোধ করেন, তারাই প্রকৃত করদাতা। করধার্ষ্য হলেও অনেকেই কর পরিশোধ করেন না।

* আয় বর্ষ কী?

✍ প্রতি বছর ১ জুলাই থেকে পরবর্তী বছর ৩০ জুন পর্যন্ত ১ বছরে ব্যক্তি বা প্রতিষ্ঠান যে পরিমাণ আয় করেন, পরবর্তী ১ বছরের সময়ের মধ্যে তার উপর ধার্ষ্যকৃত কর পরিশোধ করতে হয়। যে বছরের আয়ের উপর কর ধার্ষ্য হয়, তাকে আয় বর্ষ বলে।

* কর বর্ষ কী?

✍ প্রতি বছর ১ জুলাই থেকে পরবর্তী বছর ৩০ জুন পর্যন্ত ১ বছরে ব্যক্তি বা প্রতিষ্ঠান যে পরিমাণ আয় করেন, পরবর্তী ১ বছরের(জুন-জুলাই) সময়ের মধ্যে তার উপর ধার্ষ্যকৃত কর পরিশোধ করতে হয়। যে সময়ের কর পরিশোধ করতে হয়, তাকে কর বর্ষ বলে।

* করদায় কী?

✍ করদাতার উপর যে পরিমাণ কর পরিশোধ করার দায় অর্পিত হয়, তাকে কর দায় বলে।

* কর অব্যাহতি কী?

✍ করকর্তৃপক্ষ মোট করদায় থেকে যে পরিমাণ কর মওকুফ করে দেয় বা ছাড় দেয় তাকে কর অব্যাহতি বলে।

১২ টি অংক শিখুন-নিশ্চিত সব কমন

অংকের ভিডিও পেতে ম্যাসেজ করুন WhatsApp-01761613444

Instructor
Arefin Jibon
CEO of bbalife.net(Online Educational Platform)

Page
03

E-book Taxation In Bangladesh

আয়কর নির্দেশিকাঃ ২০২৪-২০২৫

■ অধ্যায়-০৩ ■ আয় কর ■ পার্ট-এ

* করদাতা কে?

👉 সাধারণ অর্থে যাদের উপর কর আরোপ করা হয়, তাদের কে করদাতা বলা হয়। করদাতা ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংঘ হতে পারে।

* আয় কর আইনের ব্যক্তির সংজ্ঞা কী?

👉 আয়কর আইনে ব্যক্তি হচ্ছে, স্বাভাবিক ব্যক্তি, ফার্ম, ব্যক্তি সংঘ, হিন্দু অবিভক্ত পরিবার, ট্রাস্ট বা কোম্পানি।

* সারচার্জ কী?

👉 আয়কর আইনের অধীনে, আয়করের অতিরিক্ত কোন চার্জ আরোপ করা হলে, তাকে সার চার্জ বলে।

* আয়কর আইন ২০২৩ এর অনুচ্ছেদ সংখ্যা কত?

👉 আয়কর আইন ২০২৩ এর ২৫ টি অংশের মোট অনুচ্ছেদ সংখ্যা ৩৪৫ টি।

* আয়কর কর্তৃপক্ষ কে?

👉 আয়কর আইন ২০২৩ এর ৪ ধারার বিধান মোতাবেক, যে সকল কর্মকর্তা বা কর্মচারি আয়কর সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করেন, তাদেরকে সম্মিলিত ভাবে আয়কর কর্তৃপক্ষ বলে।

* জাতীয় রাজস্ব বোর্ড কী?

👉 আয়কর আইন অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ড সর্বোচ্চ আয় কর কর্তৃপক্ষ।

* NBR এর পূর্ণ রূপ কী?

👉 National Board Of Revenue

* বাংলাদেশের কর অঞ্চল কয় টি?

👉 বাংলাদেশের কর অঞ্চল ৩১টি।

* করদাতা সনাক্তকরণ নাম্বার কী?

👉 TIN(Tax payers Identification Number) নাম্বার কে করদাতার সনাক্তকরণ নাম্বার বলা হয়।

* TIN এর পূর্ণ রূপ কী?

👉 Tax payers Identification Number

* E-TIN কী?

👉 ইলেক্ট্রনিক ট্যাক্স আইডেন্টিফিকেশন নাম্বার, যারা করদাতা সনাক্তকরণে আয়কর আইনের আধুনিক সংস্করণ।

১২ টি অংক শিখুন-নিশ্চিত সব কমন

অংকের ভিডিও পেতে ম্যাসেজ করুন WhatsApp-01761613444

Instructor
Arefin Jibon
CEO of bbalife.net(Online Educational Platform)

Page
04

E-book Taxation In Bangladesh

আয়কর নির্দেশিকাঃ ২০২৪-২০২৫

■ অধ্যায়-০৩ ■ আয় কর ■ পার্ট-এ

* আয় কী?

✍ অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য বাংলাদেশে প্রাপ্য, অর্জিত বা প্রাপ্ত যে কোন নিয়মিত বা অনিয়মিত, আবর্তক বা অনাবর্তক আকস্মিক আয় কে বুঝায়।

* অ-করধার্য আয় কী?

✍ আয়কর আইন অনুযায়ী, যে আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হবে না বা আয়ের যে অংশের উপর কর দিতে হয় না, তাকে অকরধার্য আয় বলা হয়।

* করযোগ্য আয় কী?

✍ আয়কর আইন অনুযায়ী, যে আয় মোট আয়ের অন্তর্ভুক্ত হয় বা আয়ের যে অংশের উপর কর দিতে হয়, তাকে করযোগ্য আয় বলা হয়।

* করদাতা বলতে কি বুঝায়?

✍ আয়কর আইন অনুযায়ী, যে ব্যক্তি, সংঘ বা প্রতিষ্ঠান কর প্রদান করেন বা করদানের উপযুক্ত তাদের কে করদাতা বলা হয়।

* রেয়াতযোগ্য আয় বা বিনিয়োগ ভাতা কী?

✍ আয়ের যে অংশ আয়কর আইনে উল্লেখিত খাতে বিনিয়োগ করে যে পরিমাণ কর ছাড় বা কমানো যায়, তাকে রেয়াতযোগ্য আয় বা বিনিয়োগ ভাতা বলা হয়।

* নিবাসী বা আবাসিক বা বাসিন্দা করদাতা কী?

✍ করদাতা আয়কর আইনের আবাসিক হওয়ার শর্ত পালন করেন এবং দেশের ভিতর বা বাহির উভয় ক্ষেত্র থেকে প্রাপ্ত আয়ের কর জমা দেন, তাকে আবাসিক করদাতা হিসেবে গণ্য করা হয়।

* অনিবাসী বা অনাবাসিক বা অ-বাসিন্দা করদাতা কী?

✍ করদাতা আয়কর আইনের আবাসিক হওয়ার শর্ত পালন না করেন এবং দেশের ভিতর বা বাহির উভয় ক্ষেত্র থেকে প্রাপ্ত আয়ের কর জমা দেন, তাকে অনাবাসিক করদাতা হিসেবে গণ্য করা হয়।

* করমুক্ত আয় কী?

✍ যে সকল আয় করদাতার কর হার বা করসীমা নির্ধারণের উদ্দেশ্যে মোট আয়ের অন্তর্ভুক্ত করা হলেও পরবর্তীতে গড় হারে ছাড় দেওয়া হয়, তাকে করমুক্ত আয় বলে।

* আকস্মিক আয় কী?

✍ যে সকল আয় করদাতার অনুমানের বাইরে আকস্মিক হয়, তাকে আকস্মিক আয় বলে।

১২ টি অংক শিখুন-নিশ্চিত সব কমন

অংকের ভিডিও পেতে ম্যাসেজ করুন WhatsApp-01761613444

Instructor
Arefin Jibon
CEO of bbalife.net(Online Educational Platform)

Page
05

E-book Taxation In Bangladesh

আয়কর নির্দেশিকাঃ ২০২৪-২০২৫

■ অধ্যায়-০৩ ■ আয় কর ■ পার্ট-এ

✱ অনাবর্তক আয় কী?

✍ যে সকল আয় পুণঃসংঘটিত বা অর্জিত হওয়ার সম্ভাবনা থাকে না, তাকে অনাবর্তক আয় বলে।

✱ বেতন কী?

✍ কোন ব্যক্তি সরকারি, আধা-সরকারি, বেসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শারিরিক বা মানসিক সেবার বিনিময়ে মাসিক বা বার্ষিক নিয়োগ কর্তা কর্তৃক যে পারিশ্রমিক পায়, সাধারণ অর্থে বেতন গণ্য হয়।

✱ বেতন পুরক কী?

✍ নিয়োগকর্তা কর্তৃক, বেতনের অতিরিক্ত যে সুবিধা বা ভাতা কর্মী বা কর্মকর্তা গ্রহণ করে, তা বেতন পুরক হিসেবে বিবেচিত হয়।

✱ মহার্ঘ ভাতা কী?

✍ জীবন যাত্রার ব্যয় বৃদ্ধি পেলেও কর্মীর সুষ্ঠু জীবন যাপনে সহায়তা করতে, নিয়োগ কর্তা বেতনের অতিরিক্ত যে ভাতা প্রদান করেন, তা মহার্ঘ ভাতা।

✱ আনুতোষিক কী?

✍ চাকরির মেয়াদ শেষে কর্মী তার নিয়োগ কর্তার নিকট হতে, এককালীন যে অর্থ সুবিধা প্রাপ্ত হয়, তাকেই আনুতোষিক বলে।

✱ বার্ষিক বৃত্তি কী?

✍ কর্মী ও তার পরিবার বা সন্তান কে নিশ্চয়তা প্রধানের উদ্দেশ্যে চাকরির শর্তানুযায়ী, নিয়োগকর্তা বেতনের যে অংশ বিনিয়োগ হিসেবে কেটে রাখে, তাকে বার্ষিক বৃত্তি বলে।

✱ টার্নওভার কর কী?

✍ যে প্রতিষ্ঠানের মোট বিক্রয় ৫০ লাখ টাকার বেশি কিন্তু ৩ কোটি টাকার কম, ঐ সকল প্রতিষ্ঠান কে ১৫% মুসকের পরিবর্তে ৪% হারে যে কর দিতে হয়, তাকে টার্নওভার কর, বলে।

✱ SRO এর পূর্ণ রূপ কী?

✍ SRO- Statutory Regulatory Order.

✱ TRO এর পূর্ণ রূপ কী?

✍ TRO- Tax Recovery Officer.

✱ DTC এর পূর্ণ রূপ কী?

✍ DTC- Deputy Commissioner Of Tax.

✱ মুসক কত প্রকার ও কী কী?

✍ মুসক তিন ধরনের (১) মুসক (২) টার্নওভার কর (৩) সম্পূরক কর।

১২ টি অংক শিখুন-নিশ্চিত সব কমন

অংকের ভিডিও পেতে ম্যাসেজ করুন WhatsApp-01761613444

Instructor
Arefin Jibon
CEO of bbalife.net(Online Educational Platform)

Page
06

E-book Taxation In Bangladesh

আয়কর নির্দেশিকাঃ ২০২৪-২০২৫

■ অধ্যায়-০৩ ■ আয় কর ■ পার্ট-এ

* কর কমিশনার কে?

✍ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিয়োগ প্রাপ্ত, কর অঞ্চলের প্রধান নির্বাহী কর্মকর্তা ই হচ্ছেন, কর কমিশনার।

* গৃহ-সম্পত্তির বার্ষিক মূল্য বলতে কী বুঝায়?

✍ ভাড়া দেওয়া সম্পদের বার্ষিক যে ভাড়াটা ভাড়াটিয়ার নিকট থেকে পাওয়া যায়, তাই হচ্ছে বার্ষিক ভাড়া মূল্য।

* পেশা কী?

✍ দীর্ঘ অনুশীলন বা চর্চায় অর্জিত বিশেষ গুণকে কাজে লাগিয়েও অর্থ উপার্জন করায় হচ্ছে সাধারণত পেশা।

* ফটকা ব্যবসা কী?

✍ আয়কর আইন অনুযায়ী, যে ব্যক্তি, সংঘ বা প্রতিষ্ঠান কর প্রদান করেন বা করদানের উপযুক্ত তাদের কে করদাতা বলা হয়।

* মূলধনী লাভ কী?

✍ মূলধন জাতীয় সম্পত্তি ক্রয়-বিক্রয়ের লাভ ই হচ্ছে, মূলধনী লাভ।

* কৃষি খাতে আয় কি?

✍ আয়কর আইন অনুযায়ী, বাংলাদেশে অবস্থিত যে কোন কৃষি জমি বা কৃষি কাজ থেকে প্রাপ্ত সকল আয়ই হল, কৃষি আয়।

* লোকশান পূরণ কী?

✍ আয়বর্ষে করদাতা মোট আয় নির্ণয়ে, এক বা একাধিক খাতের লোকশান যদি অন্য এক বা একাধিক খাতের আয় দ্বারা পূরণ করাকে লোকশান পূরণ বলা হয়।

* বৈদেশিক আয় কখন অকর-ধার্য হয়।

✍ করদাতা যদি তার সকল বৈদেশিক আয় বৈধ আর্থিক চ্যানেলের মাধ্যমে দেশে আনা হলে, সম্পূর্ণ করমুক্ত হবে।

* কপট লেনদেন কী?

✍ করফাকি দেওয়ার উদ্দেশ্যে করদাতা যদি তার আয় কে দায় হিসেবে দেখোর ব্যবস্থা করেন, তাকে কপট লেনদেন বলে।

* আংশিক কৃষি আয় কী?

✍ চা ও রাবার বাগানের আয়ের ৬০% কৃষি ও ৪০% ব্যবসা ও পেশা, তাই আংশিক কৃষি আয় বলে।

১২ টি অংক শিখুন-নিশ্চিত সব কমন

অংকের ভিডিও পেতে ম্যাসেজ করুন WhatsApp-01761613444

Instructor
Arefin Jibon
CEO of bbalife.net(Online Educational Platform)

Page
07

E-book Taxation In Bangladesh

আয়কর নির্দেশিকাঃ২০২৪-২০২৫

■ অধ্যায়-০৩ ■ আয় কর ■ পার্ট-এ

* ফটকা কারবার কী?

✍ অস্বাভাবিক মুনাফা লাভের আশায়, শেয়ার বা কোন পণ্য দ্রব্য কে প্রকৃত হস্তান্তর না করার অনিশ্চিত উদ্যোগ কে ফকটা কারবার বলা হয়।

* অনিশ্চিত অবচয় কী?

✍ অনুমোদিত অবচয়ের যে অংশটি মুনাফার পরিমাণ কম হলে সমন্বয় করা যায় না,তাকে অনিশ্চিত অবচয় বলে।

* লভ্যাংশ কী?

✍ কোম্পানি মুনাফার যে অংশ শেয়ার মালিকদের মধ্যে বিতরণ করে তাকে লভ্যাংশ বলে।

* স্পট কর নির্ধারণ কী?

✍ পূর্বে কর নির্ধারণ করা হয়নি এরূপ ব্যক্তিবর্গকে সনাক্ত করে সরেজমিনে তাদের আয়ের উপর যে কর নির্ধারণ করা হয়, তাকে স্পট কর নির্ধারণ বলে।

* কর ফেরত কী?

✍ করদাতার নিকট হতে যদি বেশি কর আদায় হয়ে যায়, আর করদাতা নির্ধারিত ফর্মে অতিরিক্ত কর ফেরতের দাবি করলে, তা পরবর্তী বছরের করের সাথে সমন্বয় করাকে, করফেরত বলে।

* কে আয়ের বিবরণী দাখিল করবেন ?

✍ (ক) যার মোট আয় ৩,৫০,০০০ টাকার অধিক বা (খ) ১তলার অধিক কোন দালানের মালিক যার আয়তন ১৬০০ স্কয়ার ফিট বা (গ) বিগত তিন বছরের কোন এক বছরের কর প্রদান করেছেন।

* আয়কর রিটার্ন কি?

✍ আয়কর কর্তৃপক্ষের নিকট একজন করদাতার বার্ষিক আয়-ব্যয় এবং সম্পদের তথ্যাবলী নির্ধারিত ফরমে উপস্থাপন করার মাধ্যম হচ্ছে আয়কর রিটার্ন।

* কর দিবস কী?

✍ করদাতার রিটার্ন দাখিলের সর্বশেষ তারিখ হল, কর দিবস।

* দ্বৈত কর কী?

✍ সাধারণত যে আয়ের উপর দু-বার কর পরিশোধ করতে হয়, তাকে দ্বৈত কর বলে।

* উৎসে কর কর্তন কী?

✍ আয়কর কর্তৃপক্ষের নির্দেশে, আয় প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান যদি আয় থেকে কর অগ্রিম কর্তন করে রাখে তাকে উৎসে কর কর্তন।

১২ টি অংক শিখুন-নিশ্চিত সব কমন

অংকের ভিডিও পেতে ম্যাসেজ করুন WhatsApp-01761613444

Instructor
Arefin Jibon
CEO of bbalife.net(Online Educational Platform)

Page
08

E-book Taxation In Bangladesh

আয়কর নির্দেশিকাঃ ২০২৪-২০২৫

■ অধ্যায়-০৩ ■ আয় কর ■ পার্ট-এ

* পাবলিকলি ট্রেডেট কোম্পানি কী?

👉 ১৯৯৪ সালের কোম্পানি আইন অনুযায়ী গঠিত এবং নিবন্ধিত পাবলিক লিঃ কোম্পানি যদি যে বছরের আয় নির্ধারণ করা হচ্ছে, সেই আয়-বর্ষ শেষ হওয়ার আগে কোম্পানিটি স্টক এক্সচেঞ্জে নিবন্ধিত হয়, তাকে পাবলিকলি ট্রেডেট কোম্পানি বলে।

* কর ফাঁকি কী?

👉 আইন অমান্য করে বা আইনকে ফাঁকি দিয়ে বা মিথ্যের আশ্রয় নিয়ে কর প্রদান না করা বা কম প্রদান করা, যা অবৈধ নয়- তাকে করফাঁকি বলা হয়।

* কর এড়ানো কী?

👉 আইন মান্য করে বা কৌশলে বা পরিকল্পিত ভাবে কর প্রদান না করা বা কম প্রদান করা, যা একটি বৈধ প্রক্রিয়া- তাকে কর এড়ানো বলা হয়।

* বাংলাদেশে বর্তমান আয়কর আইনে কত টাকা পর্যন্ত বৈধ আয়ের কর দিতে হবে না?

👉 সাধারণ পুরুষ হলেঃ ৩,৫০,০০০ সাধারণ মহিলা হলেঃ ৪,০০,০০০ টাকা, প্রতিবন্ধী বা তৃতীয় লিঙ্গের হলেঃ ৪,৭৫,০০০, যোদ্ধাহত মুক্তিযোদ্ধা হলেঃ ৫,০০,০০০ টাকা।

* শূণ্যতা ভাতা কী?

👉 আয়বর্ষে যে পরিমাণ সময় বাসা বা ভাড়া দেওয়া সম্পত্তি ভাড়াহীন অবস্থায় ছিল(খালি ছিল) ঐ সময়ের আয়ের উপর কর ছাড় দেওয়ার ব্যবস্থাকে বলা হয়-শূণ্যতা ভাতা।

* গিফট ট্যাক্স কী?

👉 স্বামী-স্ত্রী, পিতা-মাতা ও সন্তান ছাড়া দানকারী এবং দান গ্রহীতা উভয়কেই আইন অনুযায়ী যে কর প্রদান করতে হয়-তাকে গিফট ট্যাক্স বলে।

* আয়কর আইন ২০২৩ অনুযায়ী কত টাকা দান করলে, করের আওতায় আসবে?

👉 আয় বর্ষের ২০,০০০ টাকার অধিক দান করলে, করের আওতায় আসবে। তবে দাতব্য প্রতিষ্ঠানে দান সম্পূর্ণ অকর ধার্য।

* মূলধনী লাভ কী?

👉 আয়কর আইন ২০২৩ অনুযায়ী, মূলধন জাতীয় সম্পদ হস্তান্তর, বিক্রয় বা বিনিয়মের ফলে কর দাতার যে লাভ অর্জিত হয়, তাকে মূলধন জাতীয় আয় বলে।

* কর জরিমানা কী?

👉 করদাতা আয়ের তথ্য গোপন করে ফাকি দেওয়া অংকের ১৫% জরিমানা অথবা একাধিক বছর হলে ফাকি দেওয়া অংকের ১০% এর সাথে বছর সংখ্যা গুণন করে জরিমানা ধার্য হবে।

১২ টি অংক শিখুন-নিশ্চিত সব কমন

অংকের ভিডিও পেতে ম্যাসেজ করুন WhatsApp-01761613444

Instructor
Arefin Jibon
CEO of bbalife.net(Online Educational Platform)

Page
09

E-book Taxation In Bangladesh

আয়কর নির্দেশিকাঃ২০২৪-২০২৫

■ অধ্যায়-০৪ ■ বাংলাদেশের অন্যান্য কর ■ পার্ট-এ

✳ মূল্য সংযোজন কর(মুসক) কী?

✍ পণ্য বা সেবার সংযোজিত বা বর্ধিত মূল্যের উপর যে কর দিতে হয়, তাকে মূল্য সংযোজন কর বা মুসক বলে।

✳ টার্নওভার কী?

✍ একটি নির্দিষ্ট সময় বা মেয়াদে প্রতিষ্ঠান তার প্রস্তুতকৃত বা সরবরাহ কৃত পণ্য বা সেবার থেকে প্রাপ্ত সমুদয় অর্থকে টার্নওভার বলা হয়।

✳ মুসক চালান কী?

✍ পণ্য বা সেবার সরবরাহকারী কর্তৃক ক্রেতাকে মুসক আদায়ের যে মুসক-১১ চালান টি প্রদান করেন, তা মুসক চালান নামে পরিচিত।

✳ সম্পূরক কর কী?

✍ যে সকল বিলাসী পণ্য আবশ্যকীয় নয়-এরূপ পণ্যের আমদানি কমানোর জন্য মুসকের অতিরিক্ত যে কর আরোপ করা তাকে, সম্পূরক কর বলে।

✳ বিল অব এন্ট্রি কী?

✍ শুল্ক কর্তৃপক্ষের নিকট পণ্যের আমদানি কারক বা তার নিয়োগকৃত ব্যক্তি যে ফরম পূরণ করে দাখিল করেন তাকে বিল অফ এন্ট্রি বা আগাম পত্র বলে

✳ ড্রব্যাক কী?

✍ রপ্তানির উদ্দেশ্যে আমদানিকৃত কাচামালের উপর যে কর ধার্য করা হয় এবং পরবর্তীতে রপ্তানি সম্পন্ন করার পরে সেই কর ফেরত দেওয়া হয়, তাকে ড্র-ব্যাক বলে।

✳ ডাম্পিং কী?

✍ বিদেশি ব্রান্ড দেশি বা স্থানীয় বাজারে একচেটিয়া বাজার ব্যবস্থা আরোপ করতে, স্থানীয় মূল্যের চেয়ে কম মূল্য নির্ধারণ করে যাকে-সংশ্লিষ্ট দেশ ডাম্পিং হিসেবে গণ্য করে।

✳ এন্টি ডাম্পিং শুল্ক কী?

✍ বিদেশী ব্র্যান্ডের মূল্য নির্ধারণ কৌশল থেকে দেশি বা স্থানীয় শিল্পকে রক্ষা করার বানিজ্য প্রতিরক্ষায় আরোপকৃত করই হল-এন্টি-ডাম্পিং শুল্ক।

✳ আবগারী শুল্ক কী?

✍ দেশের অভ্যন্তরে উৎপাদিত ও ব্যবহৃত দ্রব্যের উপর সরকারি যে কর বা শুল্ক আরোপ করা হয়, তাকে আবগারি শুল্ক (Excise Duties) বলে।

১২ টি অংক শিখুন-নিশ্চিত সব কমন

অংকের ভিডিও পেতে ম্যাসেজ করুন WhatsApp-01761613444

Instructor
Arefin Jibon
CEO of bbalife.net(Online Educational Platform)

Page
10